দৈনিক ইত্তেফাক

তারিখ 20 APR 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩

# বুধবার এসএসসি পরীক্ষা শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ আর মাত্র ২ দিন পর বুধবার হইতে নূতন নিয়মে দেশের ৪টি শিক্ষা বোর্ডের ১৯৯২ সালের এস,এস,সি পরীক্ষা শুরু হইবে। এবারের পরীক্ষায় রচনামূলক প্রশ্নের পাশাপাশি নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকিবে। একই আসনে

(২২শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

বসিয়া পৃথক খাতায় উভয় ধরনের প্রশ্নের উত্তর লিখিতে হইবে।

এবার ৪ বোর্ডে প্রায় সোয়া ৫ লক্ষ পরীক্ষার্থী এস,এস,সি পরীক্ষায় অংশগ্রহণ করিবে। এই সংখ্যা ঢাকা বোর্ডে প্রায় এক লক্ষ ৭৫ হাজার ; কুমিল্লা বোর্ডে এক লক্ষ ৩৫ হাজার ; রাজশাহী বোর্ডে এক লক্ষ ১০ হাজার এবং যশোর বোর্ডে এক লক্ষ ৬ হাজার। অনেক দিন পর নূতন নিয়মে এস,এস,সি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ছাত্র-ছাত্রী, শিক্ষকমণ্ডলী—এমনকি বোর্ড কর্তৃপক্ষের মধ্যেও এব্যাপারে গভীর আগ্রহের পাশাপাশি উৎকণ্ঠা দেখা দিয়াছে। জানা যায়, সাধারণ গণিত ও উচ্চতর গণিত বিষয় ছাড়া অন্যান্য বিষয়ে ১০০ নম্বরের মধ্যে রচনামূলক প্রশ্নের জন্য ৫০, নৈর্ব্যক্তিক প্রশ্নের জন্য ৫০ নম্বর থাকিবে। প্রতিটি নৈর্ব্যক্তিক প্রশ্নের সঠিক উত্তরের জন্য এক নম্বর এবং সময়ও ১ মিনিট থাকিবে। নৈর্ব্যক্তিক একটি প্রশ্নের জন্য ৪টি উত্তর থাকিবে। সঠিক উত্তরের ঘরে (✓) চিহ্ন দিতে হইবে। কোন কোন ক্ষেত্রে একটি প্রশ্নের একটি সর্বোৎকৃষ্ট উত্তর এবং ৩টি সঠিক উত্তর থাকিবে। সর্বোৎকৃষ্ট উত্তরের ঘরে টিক চিহ্ন দিলে নম্বর পাওয়া যাইবে। নৈর্ব্যক্তিক প্রতি বিষয়ের জন্য টাস্কফোর্স কর্তৃক প্রশ্ন ও উত্তরমালা তৈয়ারী করিয়া শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হইয়াছে। প্রতি বিষয়ে ৫ শত প্রশ্নের পাশাপাশি উত্তরও রহিয়াছে। উত্তরপত্রে কিছু কিছু ক্ষেত্রে ভুল ধরা পড়ায় পরীক্ষার্থীদের মধ্যে উৎকণ্ঠা দেখা দিয়াছে। এ ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের উদ্দেশে সঠিক কোন বক্তব্য প্রদান করে নাই।